

কামিনীর তলে কামিনী যাপিছে রিরহ বেঘুম রাতি—
 শূন্য অঁধারে নিরজনে শুধু জ্বলিছে তারার বাতি ॥
 একাকিনী ওই নিশীথিনী সুই বিশাল লালসা ভরে—
 সারাটি রাত্রি অন্ধের মত তোমারে খুঁজিয়া মরে ॥
 চিরদিন তুমি অচেনা অজানা নাহি, দিলে কারে দেখা—
 গোপন গৃহেতে কত না পরাগ কেঁদেছে নিশীথে একা ॥
 চাঁদের হাসিতে কে যেন গো ওই অচেতন বিছানায়—
 বক্ষে বহিয়া পুষ্প-পরাগ বুলাও তাহার গায় ॥
 ভুলাইতে তোমারে এসেছ যেমন আজ—
 মরণের পথে সঙ্গী সাজিও সারিয়া সকল কাজ ॥

শ্রীসন্তোষ কুমার সেন ।

প্রথম বার্ষিক বিজ্ঞান বিভাগ

একা

দিনের শেষে শ্রান্ত আমি, অঁধার আসে ঘিরে ।
 পথ ভুলে আজ একলা আমি বসি নদীর তীরে ॥
 আকাশ পানে চেয়ে দেখি বিহগ কুলায় যায় ।
 বিদায় সুরে গাইছে মাঝি বসি' আপন নায় ॥
 গৃহের পানে ছুটছে রাখাল লয়ে পাঁচন হাতে ।
 গাভীরা সব হাস্যা রবে চলছে তারি সাথে ॥
 ঘরের টানে চলছে সবে সারি' দিনের কাজ ।
 আমিই শুধু একলা বসে' নদীর তীরে আজ ॥

শ্রীবিনয় মজুমদার ।

প্রথম বার্ষিক বিজ্ঞান শ্রেণী